

## প্রেস বিজ্ঞপ্তি

### জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ৩৮টি প্রতিষ্ঠানকে ২.৩৭ লক্ষ টাকা জরিমানা

৮ জুন ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১০ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, রাজবাড়ী, ঝালকাঠি এবং কুড়িগ্রামে আজ বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজিভার নেতৃত্বে ঢাকা মহানগরীর ধানমন্ডী এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে Handy কে ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর কলাবাগান এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে Sky Shef Restaurant কে ৬,০০০/- (ছয় হাজার) টাকা এবং অভিযোগের ভিত্তিতে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Sky Shef Restaurant, Calcutta Dorbar ও Pana's Panni কে যথাক্রমে ৪,০০০/- (চার হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও ৪,০০০/- (চার হাজার) টাকাসহ মোট ১৯,০০০/- (উনিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং ৩ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ৩,২৫০/- (তিনি হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়।

অপরদিকে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর হাজারীবাগ এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে রাইয়ান হোটেল এন্ড রেস্টুরেন্টকে ১০,০০০/- (দশ হাজার) টাকা, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপির অপরাধে ঢাকা সুইটসকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে আল মদিনা স্টোরকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে রানা ফুডকে ২৫,০০০/- (পাঁচিশ হাজার) টাকাসহ মোট ৪৫,০০০/- (পাঁয়তাঙ্গিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিন বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর দয়াগঞ্জ ও গেড়ারিয়া এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে তৃষ্ণি মিঠান ভাস্তার, বিক্রমপুর মিঠান ভাস্তার ও বিসমিল্লা হোটেল এন্ড রেস্টুরেন্টকে যথাক্রমে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, ১৫,০০০/- (পনের হাজার) টাকা ও ৩,০০০/- (তিনি হাজার) টাকা এবং বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপির অপরাধে মুসলিম মাংস হাউজকে ২,০০০/- (দুই হাজার) টাকাসহ মোট ৩৫,০০০/- (পাঁয়ত্রিশ হাজার) জরিমানা আরোপ ও আদায় করা হয়।

রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহীর বোয়ালীয়া ও রাজবাড়া এলাকায় ৪টি প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকা, চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্লাহ এর নেতৃত্বে চট্টগ্রামের খুলশী এলাকায় ৭টি প্রতিষ্ঠানকে ৫৬,৫০০/- (ছাঁশার হাজার পাঁচশত) টাকা, খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসানের নেতৃত্বে খুলনার খালিশপুর থানায় ২টি প্রতিষ্ঠানকে ৩০,০০০/- (পাঁচ হাজার) টাকা, রাজবাড়ী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফেরদৌস শিকদারের নেতৃত্বে রাজবাড়ী সদর উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ১৩,০০০/- (তের হাজার) টাকা, ঝালকাঠি জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাফিয়া সুলতানার নেতৃত্বে ঝালকাঠি সদর উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা এবং কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রামের চিলমারী উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১২,০০০/- (বার হাজার) টাকাসহ মোট ১,২৪৮,০০০/- (এক লক্ষ আঠাশ হাজার) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ১০টি বাজার তদারকিতে ৩৮টি প্রতিষ্ঠানকে মোট ২.৩৭,০০০/- (দুই লক্ষ সাইত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং আদায়কৃত জরিমানার টাকা হতে ৩ জন অভিযোগকারীকে মং ৩,২৫০/- (তিনি হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, মৎস্য কর্মকর্তা, র্যাব, ক্যাব, স্যানেটোরী ইন্সপেক্টর, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি ও সিটি কর্পোরেশনের প্রতিনিধি এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-

(আফরোজা রহমান)

সহকারী পরিচালক

#### অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসম, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা ও রংপুর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা মহানগর, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, রাজবাড়ী, ঝালকাঠি এবং কুড়িগ্রাম।
- ৭। পুলিশ সুপার, ঢাকা মহানগর, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, রাজবাড়ী, ঝালকাঠি এবং কুড়িগ্রাম।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।